**অতীব জরুরী**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।
**[কাস্টমস: অটোমেশন শাখা ]**

নথি নং-০৮.০১.০০০০.০৬৬.৩১.০০৯.২০/১২৬ তারিখ: ২১.০৬.২০২১ খ্রি.

**বিষয়: অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেম নিরবচ্ছিন্নভাবে ব্যবহার এবং সর্বোচ্চ সুবিধা গ্রহণের লক্ষ্যে কম্পিউটার ও ইন্টারনেট সংযোগ আপগ্রেডেশন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ।**

সূত্র: জাতীয় রাজস্ব বোর্ড এর পত্র নং- ০৮.০১.০০০০.০৬৬.৩১.০০৯.২০/৩২৬; তারিখ: ২৪.১২.২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেম নিরবচ্ছিন্নভাবে ব্যবহার এবং পারফরম্যান্স বৃদ্ধির লক্ষ্যে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের হার্ডওয়্যার, সফটওয়্যার, মিডলওয়্যার, ডাটা সেন্টার এবং কোর নেটওয়ার্ক ইত্যাদি আপগ্রেডেশন ও মাইগ্রেশনের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড বিশেষ পরিকল্পনা গ্রহণ করেছে, যা ইতোমধ্যে বাস্তবায়নের শেষ পর্যায়ে রয়েছে। নতুন সিস্টেম সফলভাবে ব্যবহার এবং এর সর্বোচ্চ পারফরম্যান্স নিশ্চিত করতে কাস্টম হাউস, ল্যান্ড কাস্টমস স্টেশন এবং এর সাথে প্রত্যক্ষভাবে সম্পর্কিত স্টেকহোল্ডারগণের (যেমন: বন্দর কর্তৃপক্ষ, বাংলাদেশ নৌবাহিনী, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স, সিএন্ডএফ এজেন্টস, শিপিং এজেন্টস, ফ্রেইট ফরওয়ার্ডারস, এয়ারলাইন্স অপারেটর, অফডকসহ অন্যান্য সংশ্লিষ্ট সরকারী ও বেসরকারী সংস্থা) অ্যাসাইকুডা ওয়ার্ল্ডের জন্য ব্যবহৃত কম্পিউটার এবং ইন্টারনেট সংযোগ আপগ্রেড করা অতীব জরুরী। এ বিষয়ে সূত্রোক্ত পত্রের মাধ্যমে নিজস্ব অর্থায়ন ও ব্যবস্থাপনায় নিম্নোক্ত কনফিগারেশন অনুযায়ী কম্পিউটার এবং ইন্টারনেট সংযোগ আপগ্রেডের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছিল:

- কম্পিউটারের স্পেসিফিকেশন:
  Processor: Core i7 (Preferably 10th generation)
  RAM: 8 GB (minimum)
  Hard Disk: 512 GB SSD (minimum)
  LAN Card: 1Gbps,
  Operating System: Windows 10, 64bit
  Antivirus: Up to date Enterprise Antivirus
  Any types of USB devices will be strictly prohibited

- ইন্টারনেট ব্যান্ডউইথ:
  2 Mbps dedicated for each PC

০২। উল্লেখ্য যে, সূত্রোক্ত পত্রে বর্ণিত কনফিগারেশন এর কম্পিউটার ও ইন্টারনেট সংযোগ ব্যতিরেকে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে লগ ইন করা হলে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড এর নেটওয়ার্ক ও ডাটাবেজের সাম্প্রতিক সময়ের উন্নয়নের সুফল পাওয়া যাবে না। এক্ষেত্রে আরও উল্লেখ্য যে, উইন্ডোজ ১০ অপারেটিং সিস্টেম ব্যতীত ভবিষ্যতে নতুন সিস্টেমে কোনভাবেই লগ ইন করা সম্ভবপর হবে না।

০৩। উল্লিখিত আপগ্রেডেশন সুফল পাওয়ার জন্য এবং নতুন সিস্টেম সফলভাবে ব্যবহার করার লক্ষ্যে আগামী ৩০.০৬.২০২১ খ্রি. তারিখের মধ্যে আপনার দপ্তরের অ্যাসাইকুডা ওয়ার্ল্ড এর জন্য ব্যবহৃত কম্পিউটারের বর্ণিত কনফিগারেশন ও ইন্টারনেট সংযোগ আপগ্রেড করে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড এর সাম্প্রতিক সময়ের উন্নয়নের সুফল গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো ।

21.06.2021

[রাকিবুল হাসান]
দ্বিতীয় সচিব (কাস্টমস: অটোমেশন)
ss.asycuda@gmail.com

**প্রাপক (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

০১। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বন্দর ভবন, চট্টগ্রাম-৪১০০।

০২। চেয়ারম্যান, মোংলা বন্দর কর্তৃপক্ষ, মোংলা-৯৩৫১, মোংলা, বাগেরহাট।

০৩। কমান্ডার চিটাগাং নেভাল এরিয়া (COMCHIT), নেভাল স্টোর ডিপো চট্টগ্রাম, নিউ মুরিং, চট্টগ্রাম - ৪২১৮।

০৪। চেয়ারম্যান, স্থল বন্দর কর্তৃপক্ষ, টিসিবি ভবন (৬ষ্ঠ তলা), কাওরানবাজার, ঢাকা।

০৫। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম-৪১০০।

০৬। ব্যবস্থাপনা পরিচালক, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ, বলাকা, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।

০৭। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম (কাস্টম হাউস, চট্টগ্রাম এর অধিভুক্ত ১৯টি অফডক, ইপিজেড এরিয়া এবং এয়ারফ্রেইট অফিসসমূহকে অবহিত করার প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদানের অনুরোধসহ)।

০৮। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা।

০৯। কমিশনার, কাস্টম হাউস, বেনাপোল।

১০। কমিশনার, কাস্টম হাউস, আইসিডি, কমলাপুর।

১১। কমিশনার, কাস্টম হাউস, মোংলা।

১২। কমিশনার, কাস্টম হাউস, পানগাঁও।

১৩। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।

১৪। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট।

১৫। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কুমিল্লা।

১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা।

১৭। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী।

১৮। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর।

১৯। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, যশোর।

২০। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা।

২১। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম।

২২-২৭। সভাপতি, সিএন্ডএফ এজেন্টস অ্যাসোসিয়েশন, ঢাকা/চট্টগ্রাম/আইসিডি/পানগাঁও/বেনাপোল/মোংলা।

২৮। সভাপতি, শিপিং এজেন্টস অ্যাসোসিয়েশন, চেম্বার হাউস (৩য় তলা), ৩৮ আগ্রাবাদ শি/এ, চট্টগ্রাম-৪১০০।

২৯। সভাপতি, শিপিং এজেন্টস অ্যাসোসিয়েশন, আনসারি কমপ্লেক্স (৩য় তলা), ১৬০ শের-ই-বাংলা রোড, খুলনা।

৩০। সভাপতি, বাংলাদেশ ইনল্যান্ড কন্টেইনার ডিপো অ্যাসোসিয়েশন, আক্তারুজ্জামান সেন্টার (৮ম তলা), ২১-২২ আগ্রাবাদ, শি/এ, চট্টগ্রাম।